

🗏 আবাসা | Abasa | ত্ৰ্ৰ্

আয়াতঃ ৮০: ১৭

💵 আরবি মূল আয়াত:

قُتِلَ الإنسَانُ مَا أَكفَرَهُ ﴿ ١٧٤﴾

মানুষ ধ্বংস হোক, সে কতইনা অকৃতজ্ঞ! — আল-বায়ান

মানুষ ধ্বংস হোক! কোন্ জিনিস তাকে সত্য প্রত্যাখ্যানে উদ্বন্ধ করল? — তাইসিরুল

মানুষ ধ্বংস হোক! সে কত অকৃতজ্ঞ! — মুজিবুর রহমান

Cursed is man; how disbelieving is he. — Sahih International

১৭. মানুষ ধ্বংস হোক! সে কত অকৃতজ্ঞ!(১)

(১) এর অর্থ, সে কত বড় সত্য-অস্বীকারকারী। তাছাড়া এ আয়াতের আর একটি অর্থ হতে পারে অর্থাৎ "কোন জিনিসটি তাকে সত্য অস্বীকার করতে উদ্বন্ধ করেছে? [তাবারী]

তাফসীরে জাকারিয়া

১৭। মানুষ ধ্বংস হোক! সে কত অকৃতজ্ঞ! [1]

[1] এ থেকে সেই মানুষ উদ্দেশ্য, যে বিনা প্রমাণ ও দলীলে কিয়ামতকে অস্বীকার করে। الكفرة অর্থেলিকার করে। ما أكفره ব্যবহার হয়েছে। ما أكفره ফে'ল তাআজ্জুব। অর্থাৎ, কত বড় অকৃতজ্ঞ ও নিমকহারাম সে! পরবর্তীতে এই অকৃতজ্ঞ মানুষকে চিন্তা-ভাবনা করার জন্য আহবান জানানো হচ্ছে, যাতে সে কুফরী হতে ফিরে আসে।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5775

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন